পশ্চিমবঙ্গ সরকার

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

জেসপ বিল্ডিং, ৬৩, নেতাজি সুভাষ রোড

কলকাতা - ৭০০ ০০১

স্মারক নং ৫৬ - পি এন/পি/২/৩এফ-৯/২০০৬ তাং ৪ঠা জানুয়ারী, ২০০৭

# আ দে শ না মা

যেহেতু জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচীর অর্ন্তভুক্ত জাতীয় বার্ধক্য ভাতা প্রকল্পে মাসিক ভাতার হার (মাসিক টা: ১০০/-) অন্যান্য বার্ধক্য ভাতা প্রকল্পে মাসিক ভাতার তুলনায় অনেক কম, এবং যেহেতু কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এই প্রকল্পে প্রাপক প্রতি মাসিক ভাতায় কেন্দ্রীয় সরকারের অনুদান মাসিক টা: ৭৫/- (পঁচাত্তর টাকা) থেকে বৃদ্ধি করে ১লা এপ্রিল, ২০০৬ তারিখ থেকে মাসিক টা: ২০০/- (দুই শত টাকা) করা হয়েছে, সেহেতু পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপালের সিদ্ধান্ত অনুসারে উক্ত প্রকল্পে প্রাপক প্রতি মাসিক ভাতায় রাজ্য সরকারের তরফের অনুদানও মাসিক টা: ২৫/-(পঁচিশ টাকা) থেকে বৃদ্ধি করে ১লা এপ্রিল, ২০০৬ তারিখ থেকে মাসিক টা:২০০/- (দুই শত টাকা) করা হ'ল ।

যেহেতু কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে ১লা আগস্ট, ২০০৬, তারিখ থেকে বর্দ্ধিত হারে বার্দ্ধক্য ভাতার বকেয়া কেন্দ্রীয় অনুদানের অংশ রাজ্য সরকারকে দিয়ে দিয়েছেন, সেহেতু মাননীয় রাজ্যপালের নির্দ্দেশ অনুসারে এই প্রকল্পের আওতাভুক্ত বার্ধক্য ভাতা প্রাপকদের ১লা আগস্ট, ২০০৬, তারিখ থেকে মাসিক মোট টা: ৪০০/- (চার শত টাকা) হারে বার্ধক্যভাতা দিতে হবে । যদি এর মধ্যে ২০০৬ সালের আগস্ট বা পরবর্তী মাসের বার্ধক্য ভাতা পুরানো হারেই বন্টন হয়ে গিয়ে থাকে, তাহলে আগস্ট মাস থেকে বর্দ্ধিত হারের জন্য প্রাপ্য বকেয়া অবিলম্বে মিটিয়ে দিতে হ'বে ।

২০০৬ সালের এপ্রিল মাস থেকে জুলাই মাস অবধি বর্দ্ধিত হারের জন্য প্রাপ্য বকেয়ার কেন্দ্রীয় অনুদানের অংশ কেন্দ্রীয় সরকারের থেকে পাওয়া গেলে ঐ চার মাসের সম্পূর্ণ বকেয়াও যথা শীঘ্র মিটিয়ে দিতে হ'বে । এই ব্যাপারে যথা সময়ে নির্দ্দেশ দেওয়া হবে । এই সময়ের মধ্যে কোনো বার্ধক্য ভাতা প্রাপকের মৃত্যু ঘটলে, তাঁর আইনসঙ্গত উত্তরাধিকারীকে প্রাপ্য বকেয়া মিটিয়ে দিতে হ'বে ।

জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচীর অর্ন্তভুক্ত জাতীয় বার্ধক্য ভাতা প্রকল্পের অন্যান্য নিয়মনীতি অপরিবর্তিত থাকবে ।

এই আদেশনামাটি অর্থ দপ্তরের সম্মতিক্রমে (ইউ-ও নং ২১৭৪/গ্রুপ-এন, তাং ২৭-১২-২০০৬) জারী করা হ'ল ।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বা:-মানবেন্দ্র নাথ রায়

**প্রধান সচিব,**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

স্মারক নং ৫৬ /১ (৪৫০০)- পি এন/পি/২/৩এফ-৯/২০০৬ তাং ৪ঠা জানুয়ারী, ২০০৭

অনুলিপি :

১। সভাধিপতি, ---------------------------------- জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।
২। প্রধান সচিব, অর্থ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ,কলকাতা - ৭০০ ০০১ ।
৩। প্রধান সচিব, খাদ্য ও সরবরাহ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ১১এ, মির্জা গালিব স্ট্রীট, কলকাতা - ৭০০ ০৮৭ ।
৪। প্রধান সচিব, নগর উন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ, কলকাতা - ৭০০ ০০১ ।
৫। প্রধান সচিব, পৌর বিষয়ক বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ, কলকাতা - ৭০০ ০০১ ।
৬। অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, জেলা - নদীয়া ।
৭। কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ সরকার,১১এ, কিরণশংকর রায় রোড, কলকাতা - ৭০০ ০০১ ।
৮। অ্যাকাউন্টান্ট জেনারেল, (এ এন্ড ই ), পশ্চিমবঙ্গ । ট্রেজারী বিল্ডিং, কলকাতা - ৭০০ ০০১।
৯। অ্যাকাউন্টান্ট জেনারেল, (লোকাল বডি অডিট),পশ্চিমবঙ্গ। সিজিও কমপ্লেক্স, এম-এস-ও বিল্ডিং, (৫ম তল) ডি-এফ ব্লক, সেক্টর-১, বিধাননগর, কলকাতা -৬৪।
১০। অ্যাকাউন্টান্ট জেনারেল, (অডিট), পশ্চিমবঙ্গ । ট্রেজারী বিল্ডিং, কলকাতা - ৭০০ ০০১।
১১। এগজামিনার অব লোকাল অ্যাকাউন্টস, পশ্চিমবঙ্গ। সিজিও কমপ্লেক্স, এম-এস-ও বিল্ডিং,(৫ম তল) ডি-এফ ব্লক, সেক্টর-১, বিধাননগর, কলকাতা -৬৪।
১২। অর্থ বিভাগ (গ্রুপ-জি),পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ, কলকাতা - ৭০০ ০০১ ।
১৩। অর্থ বিভাগ (বাজেট),পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ, কলকাতা - ৭০০ ০০১ ।
১৪। অর্থ বিভাগ (আভ্যন্তরীণ নিরীক্ষা),পশ্চিমবঙ্গ সরকার, টৌড়ী ম্যানসন, ৮ম তল, কলকাতা - ৭০০ ০০১ ।
১৫। কমিশনার, কলকাতা পৌর নিগম, কলকাতা ।
১৬। প্রধান সচিব, দার্জ্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ । ডাকঘর ও জেলা - দার্জ্জিলিং ।
১৭। জেলা শাসক --------------------------------- জেলা (সকল)।
১৮। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, -------------------------------------- জেলা । (সকল)
১৯। মহকুমা শাসক, ------------------------------ মহকুমা, জেলা - -------------------- (সকল)
২০। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ------------------------ জেলা (সকল)।
২১। সমষ্টি উন্নয়ন আধিকারিক, --------------------------------- ব্লক । (সকল)
২২। মেয়র /পৌর প্রধান, -------------------------------- পৌর নিগম / পৌরসভা। (সকল)
২৩। সভাপতি, -----------------------------------পঞ্চায়েত সমিতি । (সকল)
২৪। প্রধান, ------------------------------------- গ্রাম পঞ্চায়েত। (সকল)
২৫। অ্যাকাউন্টস অফিসার, কলকাতা পে এন্ড অ্যাকাউন্টস অফিস ।
২৬। এই বিভাগের পলিসি প্ল্যানিং শাখা/শাখা-২/কম্পিউটার শাখা (বিভাগীয় ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

**জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিককে জেলার প্রতিটি পৌর নিগম /পৌর সভা, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতকে অনুলিপি দেওয়ার জন্য (প্রয়োজনে নেপালী ভাষায় অনুবাদ করে) বিশেষ অনুরোধ জানানো হ'ল ।**

**বিশেষ দায়িত্বপরাপ্ত আধিকারিক**
**ও পদাধিকারবলে উপসচিব,**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ।**